আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমনভাবে হাঁ করে হাসাবস্থায় দেখিনি যে, তাঁর আলা জিহ্বা দেখা যেত। তিনি কেবল মুচকি হাসতেন।

উম্মুল মু’মিনীন ‘আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমনভাবে হাঁ করে হাসাবস্থায় দেখিনি যে, তাঁর আলা জিহ্বা দেখা যেত। তিনি কেবল মুচকি হাসতেন। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম অত্যধিক হাসতেন না যে তার আলা জিহ্বা দেখা যেত, আলা জিহ্বা হল গলার উপরের অংশে সংযুক্ত মাংস, বরং তিনি মুচকি হাসতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3060